

## শিক্ষা প্রতিষ্ঠান থেকে দুর্নীতি নির্মূল করতে চাই সংসদে শিক্ষামন্ত্রী

### ■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার গুণগতমান বৃদ্ধি এবং দুর্নীতিকে শিক্ষা প্রতিষ্ঠান থেকে চিরতরে নির্মূল করতে চাই। নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নিখাতা হিসেবে গড়ে তুলবোই। প্রচলিত শিক্ষা দিয়ে আধুনিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলা যাবে না। আমরা চাই যুগের সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষা, বিশ্বমানের প্রযুক্তি নির্ভর আধুনিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে। গতকাল বৃহস্পতিবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ডায়েরির ধনাবাদ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, চার কোটি পরীক্ষার্থীর জীবনকে অনিশ্চয়তার মধ্যে ছেলে দিতে বিএনপি-জামায়াত জোট লাগাতার হরতাল-অবরোধের নামে ধরপাতক কর্মকাণ্ড চালায়ছে। শত ষড়যন্ত্র-চক্রান্ত নোকাবেশা করে হরতাল-অবরোধের মধ্যে ৩১ কোটি বই পহেলা আনুষ্ঠানিক মাধ্যম সব ফুলে পৌছে দিতে সক্ষম হয়েছি। তিনি বলেন, খালেদা জিলা-ভারতের রহমানদের স্বাধীনতার ৪৩ বছর পর জিয়াউর রহমানকে প্রথম রাষ্ট্রপতি বানানোর চেষ্টা হাস্যকর হলেও এর পেছনে গভীর ষড়যন্ত্র রয়েছে। দিশাহারা হয়ে বিএনপি-জামায়াত এখন জাতির মাধ্যম বিভ্রান্ত সৃষ্টির চেষ্টা করছে।

শিক্ষার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল রাষ্ট্রপতির ডায়েরির ওপর অন্যান্যদের মাধ্যমে আলোচনায় অংশ নেন- অধ্যাপক ডা. এম আমানউল্লাহ, শামসুল হক মুন্সী, নুরুল ইসলাম, এডভোকেট নাজনা আখতার, এডভোকেট মমতাজ বেগম, হোসনে আরা বেগম, শিরীন নাহিদ, সফুরা বেগম ও সলিম উদ্দিন প্রমুখ।

### অধিবেশনের মেয়াদ বেড়েছে

দশম জাতীয় সংসদের চলতি অধিবেশন আগামী ১০ এপ্রিল পর্যন্ত চলতে পারে। কার্যউপদেশী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গত ২৯ জানুয়ারি শুরু হওয়া এই অধিবেশন গতকাল ৩ এপ্রিল পর্যন্ত চলার কথা ছিল। কয়েকজন সংসদ সদস্য ইত্তেফাককে জানান, ১০ এপ্রিল পর্যন্ত অধিবেশন চলবে বলে অনানুষ্ঠানিকভাবে তাদেরকে জানানো হয়েছে।

### গৃহায়তনের স্থায়ী কমিটি পুনর্গঠন

গৃহায়তন ও পশুপূর্ত বহুদলীয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি পুনর্গঠন করা হয়েছে। জাতীয় পার্টির (আপা) নূর-ই-হাসনা লিপি চৌধুরীকে এই কমিটির সদস্য করা হয়েছে। এর আগে আওয়ামী লীগের দবিরুল ইসলামকে সভাপতি করে গঠিত এই কমিটির একটি সদস্যপদ খালি ছিল। চিফ হুইপ আ. স. ন. ফিরোজ কমিটি পুনর্গঠনের প্রস্তাব করলে তা কঠোরভাবে গৃহীত হয়।